

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৪.০১৮.১৯- ২৮২


তারিখঃ ০৮/০৪/২০১৯খ্রিঃ।

বিষয়ঃ যুব ঋণ সেবা সহজিকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হচ্ছে সরকারি সেবা প্রাপ্তিতে জন ভোগান্তি হ্রাসকরণ। এলক্ষ্যে সরকারি দপ্তর/সংস্থার সেবাসমূহকে সহজিকরণের আওতায় আনা হচ্ছে। চলতি অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের 'যুব ঋণ' সেবাকে সহজিকরণের নিমিত্ত চিহ্নিত করা হয়েছে। এ প্রক্রিয়ায় সেবাটিকে নিম্নোক্তভাবে সহজিকরণ করা হয়েছে।

- ১.১ ঋণ সেবা প্রত্যাশিগণ প্রাথমিক আবেদনের পরিবর্তে সরাসরি মূল আবেদন ফরমে আবেদন দাখিল করবেন। অর্থাৎ সেবা প্রত্যাশী একবারই আবেদন করবেন।
- ১.২ এক্ষেত্রে তিনি শুধুমাত্র ২(দুই) কপি ছবি ও নির্ধারিত ফরমে নিশ্চয়তাকারীর সম্মতিপত্রসহ আবেদন করবেন।
- ১.৩ আবেদন প্রাপ্তির ১ দিনের মধ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রকল্পটি পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সিএসকে নির্দেশনা দেবেন।
- ১.৪ সিএস উক্ত নির্দেশনা প্রাপ্তির ৩ দিনের মধ্যে প্রকল্পটি পরিদর্শন করে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবরে প্রতিবেদন দাখিল করবেন।
- ২.১ সিএস এর প্রতিবেদন প্রাপ্তির ৩ দিনের মধ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রস্তাবিত প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করবেন। পরিদর্শনকালে প্রকল্পটি ঋণ প্রদানের উপযুক্ত বিবেচিত হলে সেবা প্রত্যাশীর নিকট থেকে নিশ্চয়তার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রসহ অন্যান্য কাগজপত্র এবং নিশ্চয়তাকারীর ২(দুই) কপি ছবি সংগ্রহ করবেন এবং মতামতসহ সংশ্লিষ্ট ঋণ মঞ্জুরী কমিটি বরাবরে প্রস্তাব প্রেরণ করবেন।
- ৩.১ সংশ্লিষ্ট ঋণ মঞ্জুরী কমিটি ঋণ প্রস্তাব প্রাপ্তির ২দিনের মধ্যে কমিটির সভা আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- ৩.২ সভা অনুষ্ঠানের ১দিনের মধ্যে কার্যবিবরণী প্রস্তুত করে সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৪.১ সভানুষ্ঠানের ৩ দিনের মধ্যে সকল কার্যাদি সম্পাদনান্তে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৫.১ উপর্যুক্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিমাসের ১৪ ও ১৫ তারিখ ২দিন উপজেলায় ঋণের আবেদন গ্রহণ করা হবে। বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৬.১ এ প্রক্রিয়া গ্রহণের ফলে ঋণ বিতরণ প্রক্রিয়ার ধাপসংখ্যা ১০ হতে ৮ এ নেমে আসবে এবং দিনসংখ্যা ২২ হতে ১৪ এ নেমে আসবে।

বর্ণিত অবস্থায় সহজে, কম খরচে এবং দ্রুততার সাথে ঋণ সেবা জনগণের নিকট পৌঁছানোর নিমিত্ত উপর্যুক্ত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। এ স্মারকের কোন অনুচ্ছেদ ঋণ নীতিমালার সাথে সাংঘর্ষিক হলে এ আদেশ প্রাধান্য পাবে।



(আ.ন. আহম্মদ আলী)
মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
ফোন- ৯৫৫৯৩৮৯
email-dyd.gov.bd

প্রাপকঃ

- ১। উপ-পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা
- ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা
..... জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৪.০১৮.১৯- ২৮২


তারিখঃ ০৮/০৪/২০১৯খ্রিঃ।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ ও সেবা বক্সে সংরক্ষণের অনুরোধসহ)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, ই-গভর্নেন্স -২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ হামিদুর রহমান)
উপপরিচালক (দাঃবিঃওঃঋণ)